

Handwritten signature and date: ২৬/১/২০১৮
২৬/১/২০১৮
২৬/১/২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা ১২০৭

নং- ৮০.২০০.০৬৪.০০.০০.০০১.২০১৪/১৩

তারিখ : ২৬/০১/২০১৫ইং।

প্রেস বিজ্ঞপ্তি

৩৩তম বিসিএস এর লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু পদ স্বল্পতার কারণে ক্যাডার পদে সুপারিশপ্রাপ্ত নয় এমন প্রার্থীদের মধ্য হতে নন-ক্যাডার প্রথম শ্রেণির পদে চূড়ান্ত ফলাফল প্রকাশ সংক্রান্ত কমিশনের ৩১/০৩/২০১৪ইং এবং ০১/০৬/২০১৪ তারিখের প্রেস বিজ্ঞপ্তিতে তথ্য বিভ্রাট/প্রশাসনিক কারণে রেজিঃ নম্বর ০৪৮৬২৬, ০৭৭২৫৯, ৩০০৯৮৯ এবং ১১০০৮৩ এর ফলাফল/সুপারিশ কমিশন কর্তৃক স্থগিত রাখা হয়েছিল। পরবর্তীতে উক্ত প্রার্থীগণ কমিশন কর্তৃক চাহিত কাগজপত্র/সনদপত্র/ডকুমেন্ট দাখিল করেন। উল্লিখিত ৪ (চার) জন প্রার্থী কর্তৃক দাখিলকৃত মুক্তিযোদ্ধা সনদের বিষয়ে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মতামতে উল্লেখ করা হয় যে, এই ৪ (চার) জন প্রার্থীর অনুকূলে দাখিলকৃত লাল মুক্তিবর্তা নম্বর এবং সাময়িক সনদ এই মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত মর্মে প্রত্যয়ন করা হলো। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের উক্ত মতামতের প্রেক্ষিতে কমিশন কর্তৃক তাদের স্থগিতকৃত ফলাফল ঘোষণার সিদ্ধান্ত গৃহীত হয়। কমিশন কর্তৃক মুক্তিযোদ্ধা কোটায় সাময়িকভাবে (provisionally) সুপারিশকৃত উক্ত ০৪ (চার) জন প্রার্থীর পদের নাম ও রেজিঃ নম্বর নিম্নে দেয়া হলো :

(১) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

পদের নাম : সহকারী মহাপরিদর্শক (সেফটি)।

রেজিঃ নম্বর- ০৪৮৬২৬ = ১ জন।

(২) কৃষি মন্ত্রণালয়ের অধীন তুলা উন্নয়ন বোর্ড

পদের নাম : তুলা উন্নয়ন কর্মকর্তা।

রেজিঃ নম্বর- ০৭৭২৫৯ = ১ জন।

(৩) বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন জাতীয় ভোজা অধিকার সংরক্ষণ অধিদপ্তর

পদের নাম : সহকারী পরিচালক

রেজিঃ নম্বর- ৩০০৯৮৯ = ১ জন।

[জাতীয় ভোজা অধিকার সংরক্ষণ অধিদপ্তর নিজস্ব ব্যয়ে বাধ্যতামূলকভাবে কম্পিউটার প্রশিক্ষণ প্রদান নিশ্চিত করবেন।]

(৪) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর

পদের নাম : সহকারী পরিচালক।


রেজিঃ নম্বর- ১১০০৮৩ = ১ জন।

Handwritten signature

২। পরবর্তীকালে যে কোনো সময় কোনো প্রার্থীর যোগ্যতার ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, অসত্য তথ্য প্রদান, জালিয়াতি বা অন্য কোনো ক্ষেত্রে যেমন চাহিদাকৃত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা কোনো গুরুতর (Substantive) ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তার সুপারিশ বাতিল বলে গণ্য হবে। তাছাড়া ক্ষেত্র বিশেষে সংশ্লিষ্ট প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে এবং চাকুরিতে নিয়োগের পর এরূপ কোনো তথ্য প্রকাশ হলে তাকে চাকুরি হতে বরখাস্ত ছাড়াও তার বিরুদ্ধে যে কোনো উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে। মেডিকেল বোর্ড কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য ঘোষণা ও যথাযথ এজেন্সি কর্তৃক প্রাক নিয়োগ জীবন-বৃত্তান্ত যাচাই এর পর সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ প্রার্থীদেরকে নিয়োগ প্রদান করবে। উল্লেখ্য, প্রার্থীগণ মুক্তিযোদ্ধা কোটায় সুপারিশপ্রাপ্ত হওয়ায় তাদের মুক্তিযোদ্ধা সনদ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে যাচাই বাছাই পূর্বক নিয়োগকারী কর্তৃপক্ষ নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করবেন। প্রার্থীদেরকে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করার জন্য পরামর্শ প্রদান করা যাচ্ছে।

৩। প্রেস বিজ্ঞপ্তিটি কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

(পড়া-শোনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন;
চাকুরির ক্ষেত্রে কোনোরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে)



(আ. ই. ম নেহার উদ্দিন)
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)

নং- ৮০.২০০.০৬৪.০০.০০.০০০.২০১৪/ ১৬ (২২)

তারিখ : ২১/০১/২০১৫ইং।

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য মন্ত্রণালয়, ক্লিনিক ভবন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
সকল দৈনিক সংবাদপত্রে জরুরি ভিত্তিতে প্রকাশ করার জন্য এবং বেতার ও টেলিভিশন
মারফত সংবাদ অনুষ্ঠানে ঘোষণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে তাঁকে অনুরোধ করা যাচ্ছে।
প্রেসবিজ্ঞপ্তির ৪টি অতিরিক্ত কপি সংযুক্ত করা হলো।
- ২। মুখ্য বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা। বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা
করতে তাঁকে অনুরোধ করা যাচ্ছে।
- ৩। বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা। বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা
করতে তাঁকে অনুরোধ করা যাচ্ছে।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় (কমিশন ওয়েবসাইটে প্রেস বিজ্ঞপ্তিটি আপলোড
করার জন্য তাকে অনুরোধ করা হলো)।
- ৫। জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় (তাকে প্রেস বিজ্ঞপ্তিটি সকল ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায়
প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)।


(আ. ই. ম নেহার উদ্দিন)
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)